Cambridge
O Level

Cambridge International Examinations
Cambridge Ordinary Level

CANDIDATE NAME	
CENTRE NUMBER	
CANDIDATE NUMBER	

4235970812

BENGALI **3204/02**

Paper 2 Language Usage and Comprehension **May/June 2018**

1 hour 30 minutes

Candidates answer on the Question Paper.

No Additional Materials are required.

READ THESE INSTRUCTIONS FIRST

Write your Centre number, candidate number and name in the spaces at the top of this page.
Write in dark blue or black pen.
Do not use staples, paper clips, glue or correction fluid.
DO **NOT** WRITE IN ANY BARCODES.

Answer **all** questions in **Bengali** in the spaces provided.
Dictionaries are **not** permitted.

The number of marks is given in brackets [ ] at the end of each question or part question.

This document consists of **10** printed pages, **2** blank pages and **1** Insert.

© UCLES 2018

CAMBRIDGE
International Examinations

Section A
বিভাগ : ক

Separation of Words
সন্ধিবিচ্ছেদ

নিচে দেওয়া প্রতিটি শব্দের সন্ধিবিচ্ছেদ কর।

1 সূর্যোদয়

..... [2]

2 ইত্যাদি

..... [2]

3 রাজর্ষি

..... [2]

4 উচ্চারণ

..... [2]

5 দুর্লভ

..... [2]

Idioms, Proverbs and Words in Pairs
বাগধারা, প্রবচন এবং জোড়াশব্দ

নিচে দেওয়া বাগধারা/প্রবচন/জোড়াশব্দের তালিকা থেকে সঠিক উত্তরটি বেছে কেবল তার নম্বরটি বসিয়ে প্রতিটি বাক্যের শূন্যস্থান পূরণ কর।

(1) ষোলো কলা	**(6)** সুখশান্তি
(2) হারজিত	**(7)** তেলা মাথায় তেল দেওয়া
(3) গোবরে পদ্মফুল	**(8)** ডান হাতের কাজ
(4) পরের মাথায় কাঁঠাল ভাঙা	**(9)** গাঁয়ে মানে না আপনি মোড়ল
(5) কান ভারি করা	**(10)** হাতের লক্ষ্মী পায়ে ঠেলা

6 এত কাজের ব্যস্ততার মধ্যেও শফিক সাহেব কিন্তু .....
ঠিক সময়ে সেরে নিতে ভুললেন না। [2]

7 সহকর্মীর নামে উল্টোপাল্টা নালিশ করে বড়সাহেবের .....
যেন নীলার স্বভাবে দাঁড়িয়ে গেছে! [2]

8 খেলায় তো .....
আছেই, সবটাই সহজভাবে মেনে নেওয়া আমাদের জন্য মঙ্গল হবে। [2]

9 তাঁর মতো গুণীজনের কৌতুক নক্সা ছাড়া স্কুলের সাংস্কৃতিক অনুষ্ঠানটির .....
পূর্ণ হওয়া সম্ভব কি? [2]

10 আমাদের পারিবারিক কলহে ওকালতি করতে তোমাকে কে ডেকেছে যে তুমি .....
হতে এসেছ! [2]

Sentence Transformation
বাক্য রূপান্তর

নিচের প্রত্যেকটি অসম্পূর্ণ বাক্যকে এমনভাবে লেখ যেন উপরের বাক্যটির অর্থ বদলে না যায়।

11 যদিও গাছটি খুব পুরনো, তবে এখনও অনেক ফল দেয়।

- গাছটি ..... । [2]

12 এখানে এমন কেউ কি আছে যে গল্পটা জানে না?

- এখানে ..... । [2]

13 তাঁর কথার সঙ্গে সকলেই একমত হল।

- ..... না। [2]

14 আমাদের দেশে এখন সবকিছুই পাওয়া যায়।

- আমাদের ..... ? [2]

15 মালিক বললেন, "আমি সকলকে সাহায্য করতে প্রস্তুত।"

- মালিক বললেন যে ..... । [2]

© UCLES 2018

Cloze Passage

শূন্যস্থান পূরণ

নিচে দেওয়া শব্দের তালিকা থেকে উপযুক্ত **শব্দটি** বেছে নিয়ে এই অনুচ্ছেদের প্রত্যেকটি শূন্যস্থান পূরণ কর।

বাংলার লোকগানের সর্বব্যাপী জনপ্রিয়তা নিয়ে আমাদের মনে কোনও প্রশ্ন নেই। দেশে-বিদেশে এই গান আজ **16** _____ সমাদৃত। এই গানের মাটির ঘ্রাণে ও প্রাণের সুরে **17** _____ প্রবাসের যান্ত্রিক জীবনযাত্রার মধ্যেও শরীর ও মন **18** _____ ওঠে। কিন্তু কী আছে এই গানে? কোন মাদকতায় মুহূর্তে ফিরে পাই আমাদের **19** _____ সন্ধান? অঞ্চল বিশিষ্ট এই গানের আবেদন বিভিন্নভাবেই স্বকীয়। সেই **20** _____ মাটির ঘ্রাণ, মেঠো সুর ও নিত্য দিন যাপনের গল্প সব মিলে মিশে এর সাঙ্গীতিক **21** _____ কোনও অংশে কম নয়। ভাটি অঞ্চলে বৈঠা ধরে নৌকায় যেতে যেতে মাঝি-মাল্লার **22** _____ নিঙড়ানো কথা কীভাবে যেন ভাটির স্রোতে ও বাতাসে ভাসা মিঠে সুরে তৈরি হয়ে যায় ভাটিয়ালি গান। তেমনভাবে উত্তরবঙ্গের বনে-প্রান্তরে **23** _____ বেড়ানো মেঠো সুরের ভাওয়াইয়া গানে ফুটে ওঠে জীবনের **24** _____ না-পাওয়ার গল্প। একইভাবে আবার রাঢ়বঙ্গের রুক্ষ্মভূমিতে ধামসা-মাদলের ছন্দে-তালে ঝুমুর গানের **25** _____ মানুষের আনন্দ-বেদনার দিন গুজরানোর কাহিনীতে আমরা ডুব দিতে পারি। এভাবেই বাহিত হয়ে চলেছে জীবনের গল্প তথা সংস্কৃতি এক প্রজন্ম থেকে আর এক প্রজন্মে।

দুলে	শিকড়ের	হৃদয়
মোটেই	সুদূর	পাওয়া
কম	অঞ্চলের	বিচিত্র
সমানভাবে	ভেসে	মাধ্যমে
চর্চা	মাধুর্য	তুলনা

[20]

Section B
বিভাগ : খ

Multiple choice comprehension

বোধজ্ঞানের বহুবিকল্প প্রশ্ন

প্রশ্নপত্রের সঙ্গে দেওয়া **1** নম্বর নিবন্ধটি পড়ে **26** থেকে **32** নম্বর প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি প্রশ্নের সঠিক উত্তরটি বেছে উপযুক্ত বাক্সে ✓ দাও।

26 অজয় বিস্ময় বালক কারণ তিনি -

A		ছোটবেলায় দারুণ জাদুখেলা দেখাতে পারতেন।
B		কিশোরবেলায় ক্রিকেটপ্রেম দিয়ে সকলের মন জয় করেছিলেন।
C		বালক বয়সেই সাফল্যের শিখরে উঠেছিলেন।
D		অল্প বয়সেই ব্যাটের জাদুতে সবাইকে মুগ্ধ করতেন।

[2]

27 অজয়ের ক্রিকেটের প্রথম প্রশিক্ষণ শুরু -

A		বাবার কাছে।
B		রঞ্জুদার ক্লাবে।
C		সিধু মালহোত্রার কাছে।
D		দাদা বিজয়ের কাছে।

[2]

28 দ্বিতীয় অনুচ্ছেদ অনুযায়ী কোন তথ্যটি সঠিক **নয়**?

A		অজয় ছোটবেলায় পড়াশোনায় খুব আগ্রহী ছিলেন না।
B		এগারো বছর বয়সে তিনি ক্লাবে ফুটবল খেলতে যান।
C		সিধুদার কড়া শাসনে সারাদিন কঠোর অনুশীলন করতেন।
D		ক্রিকেটের প্রতি অনুরাগেই তিনি ফুটবল খেলা ছেড়ে দেন।

[2]

© UCLES 2018

29 অজয়ের প্রথম টেস্ট ম্যাচ নিয়ে সবাই চিন্তিত ছিল কেন?

A		তিনি ফাস্ট বল খেলতে খুব ভয় পেতেন বলে।
B		ছোটখাটো চেহারায় আক্রমণাত্মক বলের মুখোমুখি হবেন বলে।
C		টেস্ট ম্যাচ খেলার জন্য তাঁর বয়সটা অত্যন্ত কম ছিল তাই।
D		ভারতের চিরপ্রতিদ্বন্দ্বী পাকিস্তানের বিরুদ্ধে খেলতে হবে তাই।

[2]

30 সোমনাথ মিত্রের সঙ্গে অজয়ের অনেক মিলের মধ্যে একটি হল -

A		দু'জনের খেলার ভঙ্গিমাই আক্রমণাত্মক প্রকৃতির।
B		দু'জনে হুবহু একই সম্মান ও খ্যাতি অর্জন করেছিলেন।
C		দু'জনেই চাপের মুখে একদম খেলতে পারতেন না।
D		একইরকম দেখতে ব্যাট নিয়ে প্রথম ম্যাচ খেলতে নেমেছিলেন।

[2]

31 অজয় সর্বকালের সেরা হিসেবে আজ বিশ্বখ্যাত, কারণ তাঁর -

A		খেলার ভূয়সী প্রশংসা বিশ্বের যেকোনও ক্রিকেটারই করেছেন।
B		অসংখ্য রেকর্ডের জন্য বিদেশের সকল সম্মানে ভূষিত হয়েছেন।
C		খেলার নিজস্ব মহিমায় দীর্ঘদিন দর্শকদের মুগ্ধ করে রেখেছেন।
D		বিনম্র আচরণ দিয়ে সহজেই জনসাধারণের মন জয় করেছেন।

[2]

32 ক্রিকেট ইতিহাসে অজয় তৈরি করেছেন এক নতুন মানদণ্ড -

A		শুধুমাত্র আন্তর্জাতিক খেলায় সর্বাধিক রানের মাধ্যমে।
B		আন্তর্জাতিক সব খেলায় সেরার সেরা সম্মানের মাধ্যমে।
C		ক্রিকেট খেলায় নিজেকে পুরোপুরি উৎসর্গ করার মাধ্যমে।
D		তাঁর ক্রমাগত সাফল্য, বিশাল প্রতিষ্ঠা ও ক্রিকেটনিষ্ঠার মাধ্যমে।

[2]

Section C
বিভাগ : গ

OE Comprehension

বোধজ্ঞানের মুক্ত প্রশ্ন

প্রশ্নপত্রের সঙ্গে দেওয়া 2 নম্বর নিবন্ধটি পড়ে 33 থেকে 38 প্রশ্নগুলোর উত্তর দাও। নিবন্ধ থেকে কোনো সম্পূর্ণ বাক্য অবশ্যই হুবহু নকল করবে না। (*প্রত্যেকটি প্রশ্নের সঠিক উত্তরের জন্য* 4 *নম্বর ও সুন্দর ভাষার জন্য* 2 *নম্বর)।*

33 সুন্দরবন কী কী কারণে লেখককে বারবার টেনে নিয়ে যায়? **চারটির** উল্লেখ কর।

.....

.....

.....

.....

.....

.....[6]

34 অরণ্যগুলোর মধ্যে সুন্দরবন যে ব্যতিক্রমী তা কীভাবে বোঝা যায়? **চারটি** কারণ দাও।

.....

.....

.....

.....

.....

.....[6]

35 সুন্দরবনের বিশেষ ভৌগোলিক অবস্থান গুরুত্বপূর্ণ কেন? **চারটি** কারণ উল্লেখ কর।

.....

.....

.....

.....

.....

.....[6]

© UCLES 2018

36 সুন্দরবনের প্রাকৃতিক সৌন্দর্য সম্পর্কে লেখক কী কী বলেছেন? **চারটি** বিষয় লেখ।

.....

.....

.....

.....

.....

.....[6]

37 সুন্দরবনের বন্যপ্রাণীরা লেখকের চোখে কীভাবে ধরা পড়েছে? **চারটির** বিবরণ দাও।

.....

.....

.....

.....

.....

.....[6]

38 এই নিবন্ধে লেখক রয়্যাল বেঙ্গল টাইগার সম্পর্কে কী বলেছেন? **চারটির** উল্লেখ কর।

.....

.....

.....

.....

.....

.....[6]

Vocabulary

শব্দার্থ

এই নিবন্ধ থেকে নেওয়া নিচের প্রতিটি শব্দের কেবল **একটিমাত্র** অর্থ লেখ।

39 আতঙ্ক

.....[2]

40 বিশাল

.....[2]

41 বিরল

.....[2]

42 স্বচ্ছ

.....[2]

43 গহীন

.....[2]

BLANK PAGE

© UCLES 2018

BLANK PAGE

Permission to reproduce items where third-party owned material protected by copyright is included has been sought and cleared where possible. Every reasonable effort has been made by the publisher (UCLES) to trace copyright holders, but if any items requiring clearance have unwittingly been included, the publisher will be pleased to make amends at the earliest possible opportunity.

To avoid the issue of disclosure of answer-related information to candidates, all copyright acknowledgements are reproduced online in the Cambridge International Examinations Copyright Acknowledgements Booklet. This is produced for each series of examinations and is freely available to download at www.cie.org.uk after the live examination series.

Cambridge International Examinations is part of the Cambridge Assessment Group. Cambridge Assessment is the brand name of University of Cambridge Local Examinations Syndicate (UCLES), which is itself a department of the University of Cambridge.

© UCLES 2018